গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬

**জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের জুলাই/২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মুহম্মদ হিরুজ্জামান এনডিসি, মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| তারিখ ও সময় | : | ০৯/০৭/২০২৬, দুপুর ১২:০০টা |
| সভার স্থান | : | সভাকক্ষ (কক্ষ নম্বর-৩৪০), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক-তে দেওয়া হয়েছে। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর উপপরিচালক (প্রশাসন) জনাব মো: হেমায়েত আকবর টিপুকে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ করা হলে তিনি তা পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :**

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | গত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | গত ১১ জুন ২০২৬, বৃহস্পতিবার, দুপুর ১২টায় অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হয়। | ১১ জুন ২০২৬, বৃহস্পতিবার, দুপুর ১২টায় অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কারো কোন মন্তব্য না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। | সকল কর্মকর্তা |
| ২. | জ্বালানী ও বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়া | উপপরিচালক (প্রশাসন) বলেন, জ্বালানী ও বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য এসি ২৫ ডিগ্রী সেলসিয়াস-এ রাখা হচ্ছে এবং গাড়ির জ্বালানীর ব্যবহার সংক্রান্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী ৩০% কমানোর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।<br><br>মহাপরিচালক জ্বালানী ও বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার বিষয়ে সরকারের জারিকৃত পরিপত্রের নির্দেশনা প্রতিপালন করার জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন। | জ্বালানী ও বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার বিষয়ে সরকারের জারিকৃত পরিপত্রের নির্দেশনা সকলকে প্রতিপালন করতে হবে। | সকল কর্মকর্তা/কর্মচারী |
| ৩. | প্রশিক্ষণপঞ্জি অনুযায়ী বিভিন্ন প্রশিক্ষণ বাস্তবায়ন | অতিরিক্ত মহাপরিচালক বলেন, প্রশিক্ষণপঞ্জি অনুযায়ী Training Course Monitoring Committee (TCMC) কর্তৃক প্রশিক্ষণ বাস্তবায়নে কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো বলেন, ইতোমধ্যে কমিটির ২টি সভা হয়েছে এবং অগ্রগতি চলমান রয়েছে।<br><br>মহাপরিচালক Training Course Monitoring Committee-কে প্রশিক্ষণ বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | Training Course Monitoring Committee (TCMC)-কে প্রশিক্ষণ বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | Training Course Monitoring Committee (TCMC) |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | PGD-BJ ৭ম ব্যাচ ও ৮ম ব্যাচ | PGD-BJ ৭ম ব্যাচ এর কোর্স পরিচালক ও উপপরিচালক (বেতার অনুষ্ঠান প্রশিক্ষণ) জনাব মো: আবুজার গাফফারী সভাকে জানান, PGD-BJ ৭ম ব্যাচ এর ১ম সেমিস্টার এর পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে।<br><br>PGD-BJ ৮ম ব্যাচ এর কোর্স সমন্বয়কারী জনাব মো: নূর আলম সভাকে জানান, PGD-BJ ৮ম ব্যাচ এর ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ০৬(ছয়) জন প্রশিক্ষণার্থী আবেদন করেন। কাঙ্খিত প্রশিক্ষণার্থী না পাওয়ায় আবেদনের তারিখ বৃদ্ধি করা হলে পরবর্তীতে আরো ০২(দুই) জন প্রশিক্ষণার্থী আবেদন করেন। এ অবস্থায় কোর্সটি আয়োজন বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য ইতোমধ্যে নথি উপস্থাপিত হয়েছে।<br><br>মহাপরিচালক PGD-BJ ৭ম ব্যাচ ও PGD-BJ ৮ম ব্যাচ এর কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | PGD-BJ ৭ম ব্যাচ ও PGD-BJ ৮ম ব্যাচ এর কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | কোর্স পরিচালক, PGD-BJ ৭ম ব্যাচ এবং কোর্স পরিচালক, PGD-BJ ৮ম ব্যাচ |
| ৫. | শূন্যপদ পূরণ | উপপরিচালক (প্রশাসন) জানান, ১১-২০তম গ্রেডের কর্মচারীদের নিয়োগ/পদোন্নতি প্রদানের জন্য বিভাগীয় নির্বাচন/পদোন্নতি কমিটি পুনর্গঠন করা যেতে পারে। এছাড়া ১০ম গ্রেডের উপসহকারী প্রকৌশলী এর শূন্যপদ পূরণের জন্য পিএসসি এর নির্দেশনা অনুযায়ী নিয়োগবিধি সংশোধনের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে।<br><br>মহাপরিচালক বিধি অনুযায়ী এ ইনস্টিটিউটের বিভাগীয় নির্বাচন/পদোন্নতি কমিটি পুনর্গঠনের জন্য নির্দেশনা প্রদান করেন। | বিধি অনুযায়ী বিভাগীয় নির্বাচন/পদোন্নতি কমিটি পুনর্গঠন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন) |
| ৬. | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের চলমান মামলা | মামলার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, এ ইনস্টিটিউটের মামলাগুলোর শুনানীতে নিয়মিত উপস্থিত থেকে মামলাগুলো নিষ্পত্তির জন্য কার্যক্রম চলমান রয়েছে।<br><br>মহাপরিচালক বলেন, মামলার বিষয়ে সংশ্লিষ্ট আদালতে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মামলার বিষয়ে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) (মামলার ফোকাল পয়েন্ট কর্মকর্তা) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট বাস্তবায়ন | উপপরিচালক (অর্থ) সভায় জানান, অর্থ বিভাগের পরিপত্র অনুসরণ করে বাজেট বাস্তবায়নে অপ্রয়োজনীয় কেনা-কাটা পরিহার করা হচ্ছে।<br><br>উপপরিচালক (প্রশাসন) জানান, গণপূর্ত বিভাগ কর্তৃক রাস্তা মেরামত ও গাড়ির শেড নির্মাণ কাজ চলমান রয়েছে।<br><br>মহাপরিচালক অনাবাসিক ভবন খাতে ডাবল স্টার উঠানোর জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র লেখার জন্য নির্দেশনা প্রদান করেন। | অনাবাসিক ভবন খাতে ডাবল স্টার উঠানোর জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র লিখতে হবে। | উপপরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (অর্থ) |
| ৮. | অডিট আপত্তি ও নিষ্পত্তি | উপপরিচালক (অর্থ) সভায় জানান, ২টি অডিট আপত্তির জবাব প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে এবং ৫টি অডিট আপত্তির জবাব সরাসরি অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br><br>মহাপরিচালক অডিট আপত্তিগুলো নিষ্পত্তির লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | অডিট আপত্তিগুলো নিষ্পত্তির জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপপরিচালক (অর্থ) |
| ৯. | ডি-নথি, অনলাইন সেবা ও উদ্ভাবনী | সহকারী প্রোগ্রামার জনাব হাফসা আক্তার সোনিয়া জানান যে, ডি-নথি বাস্তবায়নের হার ৮৩%।<br><br>এ ইনস্টিটিউটের অনলাইন প্লাটফর্ম, সোশ্যাল মিডিয়ার হালনাগাদ কার্যক্রম পর্যবেক্ষণ কমিটি কর্তৃক কার্যক্রম হালনাগাদ এর কার্যক্রম চলমান রয়েছে।<br><br>অতিরিক্ত মহাপরিচালক বলেন, এ ইনস্টিটিউটের অনলাইন প্লাটফর্ম, সোশ্যাল মিডিয়ার হালনাগাদ কার্যক্রম পর্যবেক্ষণ কমিটি কর্তৃক কার্যক্রম হালনাগাদ এর কার্যক্রম চলমান রয়েছে।<br><br>মহাপরিচালক বলেন, ডিনথির ব্যবহার সন্তোষজনক। তবে শতভাগ নথি ডি-নথির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।<br><br>মহাপরিচালক বলেন, অনলাইন প্লাটফর্ম এর জন্য একটি এ্যাপ তৈরি করতে হবে। এজন্য তিনি সহকারী প্রোগ্রামার জনাব মো: হোসাইন আহমেদকে নির্দেশনা প্রদান করেন। তিনি আরো বলেন, নিমকোর সোস্যাল মিডিয়া নিয়ে ডেডিকেটেডভাবে কাজ করতে হবে। | (ক) শতভাগ নথি ডি-নথির মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।<br><br>(খ) এ ইনস্টিটিউটের অনলাইন প্লাটফর্ম, সোশ্যাল মিডিয়ার হালনাগাদ কার্যক্রম পর্যবেক্ষণ কমিটি কর্তৃক কার্যক্রম হালনাগাদ করতে হবে। এছাড়া অনলাইন প্লাফর্ম এর জন্য একটি এ্যাপ তৈরি করতে হবে। | প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার<br><br>অনলাইন প্লাটফর্ম, সোশ্যাল মিডিয়ার হালনাগাদ কার্যক্রম পর্যবেক্ষণ কমিটি |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | ইনস্টিটিউটের জন্য অত্যাবশ্যকীয় কতিপয় নতুন পদ সৃষ্টি ও বিদ্যমান নিয়োগবিধি সংস্কার | অতিরিক্ত মহাপরিচালক বলেন, নিয়োগবিধি সংস্কার সংক্রান্ত কমিটির কার্যক্রম চলমান রয়েছে।<br><br>মহাপরিচালক নতুন পদ সৃষ্টির বিষয়ে অতিরিক্ত মহাপরিচালক ও পরিচালকগণকে সমন্বয় করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | নিয়োগবিধি সংস্কার বিষয়ে অতিরিক্ত মহাপরিচালক ও পরিচালকগণকে সমন্বয় করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত মহাপরিচালক এবং নতুন পদ সৃষ্টি ও বিদ্যমান নিয়োগবিধি সংস্কার সংক্রান্ত কমিটি |
| ১১. | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ১০ম থেকে ২০তম গ্রেডের কর্মকর্তা-কর্মচারীদের জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্ত কমিটি পুনর্গঠন সংক্রান্ত | উপপরিচালক (প্রশাসন) জানান, এ ইনস্টিটিউটের ১০ম থেকে ২০তম গ্রেডের কর্মকর্তা-কর্মচারীদের জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্ত কমিটি পুনর্গঠন করা যেতে পারে।<br><br>মহাপরিচালক বলেন, জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্ত কমিটি পুনর্গঠন বিষয়ে অতিরিক্ত মহাপরিচালক সমন্বয় করবেন এবং তিনি কমিটি পুনর্গঠন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | এ ইনস্টিটিউটের ১০ম থেকে ২০তম গ্রেডের কর্মকর্তা-কর্মচারীদের জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্ত কমিটি পুনর্গঠন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন) |
| ১২. | ডরমিটরি ভবন নির্মাণ প্রকল্পের ফিজিবিলিটি স্টাডির কার্যক্রম | পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) বলেন, ডরমিটরি ভবন নির্মাণ প্রকল্পের ফিজিবিলিটি স্টাডির কাজ শুরু করার বিষয়ে নির্দেশনা প্রদান করা যেতে পারে।<br><br>মহাপরিচালক ডরমিটরি ভবন নির্মাণ প্রকল্পের ফিজিবিলিটি স্টাডির কাজ শুরু করার জন্য একটি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন। এছাড়া তিনি এ বিষয়ে একটি কোড খোলার জন্য উপপরিচালক (অর্থ) জনাব হেনা বিউটিকে নির্দেশনা প্রদান করেন। | (ক) ডরমিটরি ভবন নির্মাণ প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি করার কাজ শুরু করার জন্য একটি কমিটি গঠন করতে হবে।<br>(খ) ডরমিটরি ভবন নির্মাণ প্রকল্পের ফিজিবিলিটি স্টাডির জন্য একটি কোড খুলতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান)/ উপপরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (অর্থ) |

২। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মুহম্মদ হিরুজ্জামান এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব গ্রেড ১)
ফোন: ৫৫০৭৯৪২৮

নম্বর : ১৫.৫৫.০০০০.০০০.৩০১.০৬.০০৭২.২৬.৭২৮-৭(৩৬)

তারিখ: ২৪ শ্রাবণ ১৪৩৩
২৯ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সকল কর্মকর্তা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
৩. সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (সভার কার্যবিবরণী এ ইনস্টিটেউটের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৪. মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৯/৭/২৬
(মো: আবু মুসা সরকার)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫০৭৯৪৫৪



CamScanner